ঢাকার আশুলিয়ায় “এটিসি ট্রেনিং এন্ড টেস্টিং ইনস্টিটিউট” -এর উদ্বোধন

ঢাকার আশুলিয়ায় নতুন যাত্রা শুরু করলো “এটিসি ট্রেনিং এন্ড টেস্টিং ইনস্টিটিউট”।

প্রবাসগামী কর্মীদের দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলার লক্ষ্যে মেহেরপুরের মো. অরিক আহমেদের প্রতিষ্ঠান “এটিসি এয়ার টিকেটিং” - এর নতুন সংযোজন হিসেবে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করেছে “এটিসি ট্রেনিং এন্ড টেস্টিং ইনস্টিটিউট”।

প্রবাসে কর্মসংস্থানে আগ্রহী নারী ও পুরুষদের হাতে-কলমে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ ও যোগ্য জনশক্তি হিসেবে গড়ে তোলার লক্ষ্য নিয়ে প্রতিষ্ঠানটি কাজ করবে। পাশাপাশি প্রশিক্ষণার্থীরা যেন নিজেদের দক্ষতা ও যোগ্যতার ভিত্তিতে বিদেশের শ্রমবাজারে ভালো কর্মসংস্থানের সুযোগ এবং অধিক উপার্জনের সম্ভাবনা তৈরি করতে পারেন, সে বিষয়েও গুরুত্ব দেওয়া হবে।

প্রতিষ্ঠানটির স্বত্বাধিকারী মো. অরিক আহমেদ বলেন, “আমরা চাই, বিদেশগামী প্রতিটি কর্মী প্রয়োজনীয় দক্ষতা, আত্মবিশ্বাস ও যথাযথ প্রস্তুতি নিয়ে কর্মজীবনে প্রবেশ করুন। কারণ দক্ষতা বাড়লে কাজের মান বাড়ে, আর কাজের মান বাড়লে উন্নত উপার্জনের সম্ভাবনাও তৈরি হয়।”

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, শ্রীলঙ্কা দূতাবাসের প্রটোকল অফিসার এবং বাংলাদেশ ওভারসীজ ট্রেনিং ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ। তাঁদের উপস্থিতিতে অনুষ্ঠানটি আরও তাৎপর্যপূর্ণ হয়ে ওঠে।

প্রতিষ্ঠানটির পক্ষ থেকে জানানো হয়, প্রবাসে কর্মসংস্থানে আগ্রহী মানুষের দক্ষতা উন্নয়ন এবং তাদের উজ্জ্বল ভবিষ্যৎ গঠনে এটিসি ট্রেনিং এন্ড টেস্টিং ইনস্টিটিউট আন্তরিকভাবে কাজ করে যাবে।

এ সময় প্রতিষ্ঠানটির নতুন এই পথচলায় সবার দোয়া, ভালোবাসা ও

সহযোগিতা কামনা করেন মো. অরিক আহমেদ।

“এটিসি এয়ার টিকেটিং” দীর্ঘ ২১ বছরের আস্থা, বিশ্বাস ও সেবার ধারাবাহিকতায় এবার দক্ষ জনশক্তি গড়ে তোলার নতুন প্রত্যয় নিয়ে এগিয়ে যাচ্ছে।